2

দৈনিক ইনকিলাব

তারিখ AUG. 4 1999
পৃষ্ঠা ১৭ কলাম ৬

### শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক

# মাদ্রাসা শিক্ষা সম্পর্কে অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার আহবান

ইউএনবি ঃ শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে গতকাল বলা হয়, মাদ্রাসা শিক্ষা জাতীয় শিক্ষা ব্যবস্থার একটা অবিচ্ছেদ্য অংশ।

সংসদীয় কমিটি রাজনৈতিক ফায়দা আদায়কারীদের অপপ্রচারণায় বিভ্রান্ত না হওয়ার জন্য জনগণের প্রতি আহবান জানিয়ে বলেছেন, মাদ্রাসা শিক্ষা সম্পর্কে বিভ্রান্তিমূলক তথ্য দিয়ে রাজনৈতিক ফায়দা লোটার চেষ্টা চলছে।

বৈঠকে জানানো হয়, মাদ্রাসা শিক্ষা পাঠ্যক্রমে বিজ্ঞান ও বৃত্তিমূলক শিক্ষা অন্তর্ভুক্ত করার পদক্ষেপ নেয়া হয়েছে। বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর মাদ্রাসা শিক্ষা উন্নয়নে প্রায় ১শ' ৪৩ কোটি টাকা ব্যয় করেছে। গাজীপুরে ১০ কোটি টাকা ব্যয়ে একটি মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র তৈরী করা হয়েছে।

এছাড়া উপকূলীয় এলাকায় ৯২টি ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র ও মাদ্রাসা নির্মাণে ২৪ কোটি টাকা ব্যয় হয়েছে।

বৈঠকে আরো জানানো হয়, মোট ২১৬টি মাদ্রাসাকে এমপিও'র আওতায় আনা হয়েছে।

বৈঠকে জানানো হয়, কয়েকটি মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করা হয়েছে। কেননা তারা সরকারী নীতি নির্দেশনা পূরণে ব্যর্থ হয়েছে। তারা এটি পূরণ করলে অথবা পূরণের প্রতিশ্রুতি দিলে তাদেরকে আবার স্বীকৃতি দেয়া হবে।

কমিটির সভাপতি নূরুল ইসলাম নাহিদ এতে সভাপতিত্ব করেন। অন্যান্যের মধ্যে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বৈঠকে উপস্থিত ছিলেন।